

উপস্থিত :- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম

আদেশ নং- ৯০

তারিখ- ১৮/০৬/ ২০২৩ ইং

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেছেন।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

বাদীপক্ষ আরজির ১(ক) নং তফসিলোক্ত সম্পত্তিতে স্বত্ব এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভ্রাম্যকভাবে রেকর্ড হয়েছে মর্মে ঘোষণামূলক ডিক্রীর প্রার্থনায় ১-২ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা দায়ের করেন।

নথি দৃষ্টে দেখা যায় ১ নং বিবাদীপক্ষ অত্র মামলায় জবাব দাখিল করেছেন। কিন্তু পরবর্তীতে ছড়াস্ত শুনানী পর্যায়ে আর হাজির হননি। উক্ত প্রেক্ষিতে বিগত ১৩/০৬/২০১৯ ইং তারিখের ৬৮ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে অত্র মামলা এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

বাদীপক্ষ তাহার মামলা প্রমানার্থে ০২ জন সাক্ষী আবদুল হুমদ কে P.W.-1 এবং মোঃ ইউনুছ কে P.W.-2 হিসাবে উপস্থাপন করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করেছেন -

- ১। আর এস ২১৩৩ নং খতিয়ান ও বি এস ৮০৫ নং খতিয়ানের সি.সি প্রদর্শনী-১ সি
- ২। ০৭/০৫/১৯৫৭ ইং তারিখের ৩৩১৬ নং কবলার সি.সি প্রদর্শনী-২
- ৩। ১৬/০৮/১৯৭৪ ইং তারিখের ৩৩৭৬ নং কবলার সি.সি প্রদর্শনী- ৩
- ৪। ০৮/০৬/১৯৮৯ ইং তারিখের ৩০৪৭ নং কবলার সি.সি প্রদর্শনী-৪
- ৫। ০৬/০৯/১৯৭০ ইং তারিখের ৬৬৭১ নং কবলার সি.সি প্রদ- ৫ হিসাবে চিহ্নিত করা হলো।

আবদুল হুমদ P.W.-1 এবং মোঃ ইউনুছ P.W.-2 এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৫) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় বাদীপক্ষ তাদের উপস্থাপিত সাক্ষ্য প্রমাণের মাধ্যমে নালিশী ভ্রমিতে তাদের মালিকানা স্বত্ব ও দখল প্রমাণ করতে সমর্থ হয়েছে।

এখানে উল্লেখ করা আবশ্যিক যে, বিবাদীপক্ষ অত্র মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ কাজে লাগাতে অবহেলায় করায়, বাদীপক্ষ হতে উপস্থাপিত মৌখিক ও দালিলিক প্রমাণাদি অলঙ্ঘনীয় প্রকৃতির বলে আমি বিবেচনা করি। এরূপ পরিস্থিতিতে উক্ত অবিসংবাদিত ও

অবিকৃত সাক্ষ্যসমূহ গ্রহন করা এবং উক্ত অলঙ্ঘনীয় দালিলিক সাক্ষ্য ও আরজি বর্ণিত বক্তব্যের উপর নির্ভর করা ব্যতিরেকে আদালতের সম্মুখে বিকল্প কোন পথ খোলা নেই। সার্বিক বিবেচনায় বাদীপক্ষ তাহার আরজি প্রার্থিত মতে প্রতিকার পাবার হকদার বলে আমি মনে করি। সুতরাং অত্র মামলা ডিক্রিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-২ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনা খরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষণা করা যাচ্ছে, নালিশী ১(ক) নং তফসিল বর্ণিত ৮ শতক ভূমিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সম্পর্কিত বি.এস ৮০৫ নং খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে যা বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীর উপর বাধ্যকর নয়।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম